



নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

নিলাম বিজ্ঞপ্তি



নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের অব্যবহারযোগ্য মালামাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান এর নিকট হতে সাদা কাগজ/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।


(পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের অব্যবহারযোগ্য মালামাল):

দরপত্র নং	ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক	সবনিম্ন একক নিলাম মূল্য (টাকা)	উদ্ধৃত একক মূল্য (টাকা)	দরপত্র দলিলের মূল্য (টাকা)
০৩/২০২২-২৩	০১	হার্ডওয়্যার জাতীয় মালামাল (স্টীল পোল ব্যতীত)	১৯,৮১৯.৩৫	কেজি			১০০০.০০
	০২	মিটার একফেজ এনালগ (জে-১)	৫০০	টি			
	০৩	মিটার একফেজ ডিজিটাল (জে-৩৯)	৪৩৩	টি			
						সর্বমোট	
কথায়:							

- ০১। দরদাতাকে সকল আইটেম এর জন্য পৃথক পৃথক দর দাখিল করতে হবে এবং সকল আইটেম এর একত্রে সর্বমোট বেশী দরের ভিত্তিতে সর্বোচ্চ দরদাতা বিবেচনা করা হবে। সকল মালামালের জন্য একটি আবেদনের সাথে নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যেকোন তফসিলী ব্যাংক হতে ১০০০/- (এক হাজার) টাকার অফেরতযোগ্য পে- অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করত নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন।
- ০২। আগ্রহী দরদাতাগণ আগামী ১৭/০৮/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার দুপুর ১১:০০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত নিলাম দরপত্র সমূহ নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা এ রক্ষিত টেন্ডার বাঞ্চে (যে কোন একটি স্থানে) দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর দরপত্র গ্রহণ করা হবে না। ডাকযোগে/কুরিয়ার সার্ভিস যোগে এবং বিলম্বে প্রাপ্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে। নিলাম দরপত্র সমূহ একইদিনে ১১:০৫ ঘটিকায় নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এবং পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকায় উপস্থিত নিলাম দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে নিরাপত্তা জামানত হিসাবে নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে পে- অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ব্যতীত দরপত্র বিবেচনা করা যাবে না। খামের উপর “নিলাম দরপত্র” দরদাতার পূর্ণ ঠিকানা লিখতে হবে। দরপত্রে কোন কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে।
- ০৪। নিলাম দরপত্রে উল্লেখিত মালামাল আগামী ১৬/০৮/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত) প্রতিদিন অফিস চলাকালীন সময় পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।
- ০৫। কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করে অত্র পবিস হতে মালামাল ডেলিভারী গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।
- ০৬। বর্ণিত সকল মালামালসমূহ গ্রহণের পূর্বে সরকারি নিয়মানুযায়ী মোট মূল্যের উপর উৎস কর ও ভ্যাট দরদাতা কর্তৃক জমা প্রদান করতঃ জমাদানের রশিদ অত্র পবিসে দাখিল করতে হবে।
- ০৭। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সবনিম্ন মূল্যের নিচে কোন দরপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।
- ০৮। নিলামকৃত মালামালসমূহ প্রদানের সময় পরিমাণ কম বা বেশি হতে পারে।
- ০৯। কোনরূপ কারণ দর্শানো ছাড়াই আংশিক অথবা সম্পূর্ণ দরপত্র বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১০। শর্ত বহির্ভূত কোন বিষয়ে সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

প্রয়োজনে:

মোবাইল নং 01769-402149


(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার